

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৪১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/২৮. নিয়মিত আমল পছন্দনীয়

بَابِ الْمُدَاوَمَةِ عَلَى الْعَمَلِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ رَافِعٍ، حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ اللَّهِ الأَشْعَرِيُّ، عَنْ عِيسَى بْنِ جَارِيَةَ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ: مَنَّ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَلَى رَجُلٍ يُصلِّي عَلَى عَلَى صَخْرَةٍ فَأَتَى نَاحِيَةَ مَكَّةَ فَمَكَثَ مَلِيًّا ثُمَّ انْصَرَفَ فَوَجَدَ الرَّجُلَ يُصلِّي عَلَى حَالِهِ فَقَامَ صَخْرَةٍ فَأَتَى نَاحِيةَ مَكَّةً فَمَكَثَ مَلِيًّا ثُمَّ انْصَرَفَ فَوَجَدَ الرَّجُلَ يُصلِّي عَلَى حَالِهِ فَقَامَ فَجَمَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ: " يَا أَيُّهَا النَّاسُ عَلَيْكُمْ بِالْقَصنْدِ " . ثَلاَتًا : " فَإِنَّ اللَّهَ لاَ يَمَلُّ حَتَّى تَمَلُّوا " .

বাংলা

৫/৪২৪১। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এক খন্ড পাথরের উপর নামাযরত এক ব্যক্তিকে অতিক্রম করে চলে গেলেন। তিনি মক্কার এক প্রান্তে পৌঁছে সেখানে কিছুক্ষণ কাটালেন। অতঃপর তিনি ফেরার পথে ঐ লোকটিকে পূর্বাবস্থায় নামাযরত দেখতে পেলেন। তিনি দাঁড়িয়ে গেলেন এবং তাঁর দু' হাত একত্র করে বলেনঃ হে লোকসকল! তোমরা মধ্যপন্থা অবলম্বন করো। কথাটা তিনি তিনবার বলেন। কেননা তোমরা অবসাদগ্রস্ত না হওয়া পর্যন্ত আল্লাহ প্রতিদান দিতে ক্ষান্ত হন না।

English

It was narrated that Jabir bin 'Abdullah said:

"The Messenger of Allah (ﷺ) passed by a man who was praying on a rock, and he went towards Makkah and stayed a while, then he left and found the man still praying as he had been. He stood up and clasped his hands, then said: "O people, you should observe moderation," three times, "for Allah does not get tired (of giving reward) but you get tired."

ফুটনোট



হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ১৭৬০। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াকুব বিন আবদুল্লাহ আল-আশআরী সম্পর্কে আহমাদ বিন শুআয়ব আন-নাসাঈ বলেন, তার হাদিস বর্ণনায় কোন অসুবিধা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন,

তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৯৩, ৩২/৩৪৪ নং পৃষ্ঠা) ২. ঈসা বিন জারিয়াহ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস সংরক্ষিত নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তার সম্পর্কে আমার জানা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৬১৯, ২২/৫৮৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ঈসা বিন জারিয়াহ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৩৯০ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ৩৪ টি খুবই দুর্বল, ১৬৩ টি দুর্বল, ১২৭ টি হাসান, ৬৫ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ২০, ৪৩, ১১৫১, ১৯৭০, ১৯৮৭, ৫৮৬২, ৬৪৬২, ৬৪৬৫, ৬৪৬৬, মুসলিম ৭৪৮, ৭৮৩, ৭৮৪, ৭৮৫, ৭৮৭, ৭৮৮, তিরমিযি ২৮৫৬, আবু দাউদ ১৩৬৮, ১৩৭০, মুয়ান্তা মালিক ২৭০, ৪২২, আহমাদ ৮৩৯৪, ২৩৬০৩, ২৩৬৪১, ২৩৬৬৮, ২৩৭২৩, ২৫৮৪১, ২৫৯৩৯, ২৬১৭৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন